# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
**(Residential Autonomous College affiliated to University of Calcutta)**

**M.A./M.Sc. FOURTH SEMESTER EXAMINATION, MAY 2018**
**SECOND YEAR [BATCH 2016-18]**
**PHILOSOPHY**
**Paper : XI (Vedanta)**

Date : 08/05/2018
Time : 11 am – 3 pm
Full Marks : 75

নীচের **বর্গ-১** ও **বর্গ-২** -এর প্রতিটি থেকে **অন্ততঃ একটি করে** নিয়ে মোট **তিনটি** প্রশ্নের উত্তর দাও। [৩×১৩]

## বর্গ - ১

১। গ্রন্থে মঙ্গলাচরণের প্রয়োজন নিরূপণ করে তত্ত্ব-প্রদীপিকা গ্রন্থের প্রারম্ভিক প্রথম মঙ্গলাচরণটির বিস্তৃত আলোচনা করো। [৩+১০]

২। স্বপ্রকাশের সপ্তম লক্ষণটি কী? লক্ষণটির তাৎপর্য লেখো। লক্ষণটি কি তোমার মতে নির্দুষ্ট? নিজের মতের সপক্ষে যুক্তি দাও। [১+৩+৯]

৩। সিদ্ধান্ত সম্মত স্বপ্রকাশের লক্ষণটি কী? যুক্তিসহ লক্ষণটির নির্দুষ্টতা সবিস্তারে প্রতিপাদন করো। [১+১২]

## বর্গ - ২

৪। মঙ্গলাচরণের তাৎপর্য বিষয়ে মধুসূদন সরস্বতীর মত সবিশদ আলোচনা করো।

৫। 'বিপ্রতিপত্তির্নাম সংশয়জনিকা বিরুদ্ধার্থপ্রতিপাদকবাক্যদ্বয়রূপা' — ব্যাখ্যা করো।

৬। অদ্বৈতসিদ্ধি গ্রন্থের মূল প্রতিপাদ্য বিষয় কী কী? আলোচনা করো।

## বর্গ - ৩

৭। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×৯]

ক) 'ব্রহ্ম সত্যং জগন্মিথ্যা জীবো ব্রহ্মৈব নাপরঃ' — ব্যাখ্যা করো।

খ) অদ্বৈতমতে ব্রহ্মের সঙ্গে জীবের সম্বন্ধ বিষয়ে নাতিদীর্ঘ প্রবন্ধ রচনা করো।

৮। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×৯]

ক) মহর্ষি বাদরায়ণ প্রণীত 'শাস্ত্রযোনিত্বাৎ' ও 'তত্তুসমন্বয়াৎ' এই সূত্রদ্বয়ের রামানুজ সম্মত ব্যাখ্যা দাও।

খ) রামানুজের মতে আমাদের মনে কখন ব্রহ্মজিজ্ঞাসার উদয় হয়? ব্রহ্মের জগৎকর্তৃত্ববিষয়ে রামানুজের অভিমত কী? আলোচনা করো।

৯। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×৯]

ক) মধ্বাচার্য স্বীকৃত তত্ত্বসমূহের দার্শনিক তাৎপর্য বিশ্লেষণ করো।

খ) প্রত্যক্ষ প্রমাণের প্রতিবন্ধকতা কত রকমের হতে পারে? প্রসঙ্গপূর্বক আলোচনা করো।

১০। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×৯]

ক) গৌড়ীয় বৈষ্ণব দর্শন অনুসারে ব্রহ্মের স্বরূপ আলোচনা করো।

খ) গৌড়ীয় বৈষ্ণব দর্শনে রাধাতত্ত্ব কীভাবে ব্যাখ্যাত হয়েছে তা বিশদে আলোচনা করো।

——————— × ———————

# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
**(Residential Autonomous College affiliated to University of Calcutta)**

**M.A./M.Sc. FOURTH SEMESTER EXAMINATION, MAY 2018**
**SECOND YEAR [BATCH 2016-18]**
**PHILOSOPHY**

Date : 08/05/2018
Time : 25 mins

**Paper :** XI (Vedanta-MCQ)

Full Marks : 25

নীচের সবকটি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্ন পিছু ১ নম্বর আছে। সঠিক উত্তরে ✓ দিতে হবে। চিহ্নটি যেন স্পষ্ট হয়। কোন অস্পষ্টতা থাকলে, সেক্ষেত্রে নম্বর দেওয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ২৫ মিনিটের মধ্যে এই অংশটির উত্তর দিয়ে উত্তরপত্রটি পরীক্ষা-পরিদর্শকের হাতে ফিরিয়ে দিতে হবে।

Roll No. as per the Admit Card : ..........................................; Registration No. : ...............................................

১। চিৎসুখাচার্যের গুরুর নাম—

ক) সত্যানন্দ খ) জ্ঞানোত্তম গ) নৃসিংহাশ্রম ঘ) আনন্দবোধ

২। স্বস্য স্বয়মেব প্রকাশঃ — এই দ্বিতীয় স্বপ্রকাশলক্ষণে কোন দোষ বিদ্যমান ?

ক) অর্থান্তর খ) ব্যাঘাত গ) কর্মকর্তৃবিরোধ ঘ) অপসিদ্ধান্তাপত্তি

৩। অদ্বৈত বেদান্তমতে অনুব্যবসায় কি স্বপ্রকাশ ?

ক) হ্যাঁ খ) না গ) উভয়ই ঘ) কোনটিই নয়

৪। তত্ত্বপ্রদীপিকাগ্রন্থের প্রথম মঙ্গলশ্লোকে কোন্ দেবতা স্তুত হয়েছেন ?

ক) শিব খ) দুর্গা গ) সিংহপর্বত ঘ) নরসিংহ

৫। ঘটপটাদিতে অদ্বৈতমতে বিদ্যমান সত্তা হলো—

ক) ব্যবহারিক সত্তা খ) পারমার্থিক সত্তা গ) প্রাতিভাসিক সত্তা ঘ) কোনটাই নয়

৬। 'বিতণ্ডা' শব্দের অর্থ হলো—

ক) যে তর্কযুদ্ধে জয়ের ইচ্ছা প্রধান খ) যে তর্কযুদ্ধে তত্ত্বনির্ণয়ই প্রধান

গ) যে তর্কযুদ্ধে অপরের মতখণ্ডনই প্রধান ঘ) অকারণ তর্ক

৭। 'সন্দিগ্ধ অনৈকান্তিকতা' শব্দের অর্থ হলো—

ক) ব্যভিচার খ) সাধ্যনিশ্চয়তা গ) হেতুনিশ্চয়তা ঘ) কোনটাই নয়

৮। অদ্বৈত বেদান্তে 'ধীঃ' শব্দের অর্থ হলো—

ক) বুদ্ধি খ) জ্ঞান গ) অন্তঃকরণবৃত্তি ঘ) মেধা

৯। প্রত্যক্ষ বিষয়ে রামানুজের স্বকীয়তা হলো—

ক) সবিকল্পককে স্বীকার করা খ) সবিকল্পক ও নির্বিকল্পক উভয়কে মেনে নেওয়া

গ) নির্বিকল্পককে অস্বীকার করা ঘ) কোনটিই নয়

১০। রামানুজমতে জগতের কর্তা ও উপাদানকারণ হলো—

ক) নির্গুণব্রহ্ম খ) পুরুষোত্তম বাসুদেব গ) অন্যান্য দেবদেবতা ঘ) মহামানব

১১। রামানুজমতে ধ্যান শব্দের অর্থ হলো—

ক) কোন বিষয়কে ধরে রাখা খ) অভিনিবেশ

গ) অবিচ্ছিন্নভাবে স্মৃতিকে প্রবাহিত করে রাখা ঘ) একমনে মন্ত্রোচ্চারণ

১২। শাস্ত্রবাক্যের তাৎপর্য হলো—

ক) মানুষকে ব্রহ্মজ্ঞান দান করা  খ) যা শাসন করে তাই শাস্ত্র  গ) প্রবৃত্তি-নিবৃত্তির বোধক  ঘ) শুধুমাত্র প্রবৃত্তির বোধক

১৩। তটস্থলক্ষণ বলতে বোঝায়—

ক) লক্ষ্য যতদিন থাকে ততদিন লক্ষণও থাকে  খ) লক্ষ্য যতদিন থাকে লক্ষণ ততদিন থাকে না

গ) লক্ষণ লক্ষ্যার্থে থাকেই না  ঘ) কোনটিই নয়

১৪। অধ্যাসের ক্ষেত্রে কোনটি কখনই মিথ্যা নয়

ক) অধিষ্ঠান  খ) আরোপ্য  গ) দুটোই  ঘ) কোনটিই নয়

১৫। শঙ্করাচার্য প্রণীত কার্যকারণবাদের নাম হলো—

ক) আরম্ভবাদ  খ) পরিণামবাদ  গ) প্রকৃতিকারণবাদ  ঘ) বিবর্তবাদ

১৬। অদ্বৈতমতে মুক্তির স্বরূপ হলো—

ক) অপ্রাপ্তস্য প্রাপ্তিঃ  খ) প্রাপ্তস্য প্রাপ্তিঃ  গ) উভয়স্য প্রাপ্তিঃ  ঘ) কোনটিই নয়

১৭। মধ্বাচার্যের অপর নাম—

ক) আনন্দতীর্থ  খ) যোগানন্দ  গ) বাচস্পতি  ঘ) ধর্মরাজ অধ্বরীন্দ্র

১৮। মধ্বাচার্য ভগবান বিষ্ণুকে স্বতন্ত্র তত্ত্ব বলেছেন, কারণ—

ক) তিনি স্বেচ্ছায় সব কিছু করতে পারেন  ক) তিনি সকল দোষরহিত ও অশেষ গুণের আধার

গ) তিনি ভক্তের ভক্তির দ্বারা বিচলিত হয় না  ঘ) কোনটিই নয়

১৯। মধ্বমতে ‘অঙ্কন’ শব্দটির অর্থ হলো—

ক) যে কোন চিত্র অঙ্কণ করা  খ) নারায়ণের অস্ত্রাদির চিহ্ন শরীরে ধারণ

গ) চিত্রপটে দেবতার চিত্র অঙ্কণ  ঘ) চিত্রের মাধ্যমে ঈশ্বরের মহিমাকীর্তন

২০। ‘পাঞ্চজন্য’ বলতে বোঝায়—

ক) সুদর্শন চক্র  খ) গদা  গ) পাম  ঘ) শঙ্খ

২১। মধ্বাচার্যের মতে ‘উপক্রম’ বলতে বোঝায়—

ক) শাস্ত্রসিদ্ধান্তের উপস্থাপন  খ) গ্রন্থের প্রারম্ভে বিচার্য বিষয়ের অবতারণা

গ) কোন বিষয়ের প্রয়োজনীয়তা  গ) বিষয়ের প্রশংসা বা নিন্দা

২২। ‘লঘুভাগবতামৃত’ গ্রন্থটির লেখক —

ক) সনাতন  খ) বাসুঘোষ  গ) রূপ  ঘ) জীব

২৩। ‘চিচ্ছক্তি’ নীচের কোন্ শক্তিটির বিকল্প নাম?

ক) মায়াশক্তি  খ) হ্লাদিনী শক্তি  গ) তটস্থা শক্তি  ঘ) স্বরূপ শক্তি

২৪। ‘ধাম’ -ধারণাটির মূলে আছে—

ক) ‘সৎ’ তত্ত্ব  খ) চিৎ তত্ত্ব  গ) আনন্দতত্ত্ব  ঘ) সচ্চিদানন্দ তত্ত্ব

২৫। গৌড়ীয় বৈষ্ণবদের কাছে সর্বাধিক গ্রাহ্য প্রমাণ হলো—

ক) আর্ষ  খ) অনুমান  গ) শ্রুতার্থাপত্তি  ঘ) ঐতিহ্য

——— × ———